গাংনীতে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে নানা কর্মসুচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। দিবসটি উপলক্ষে ভোরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে শুরু হয় দিনের কর্মসূচী।

সূর্যোদয়ের সাথে সাথে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনের পক্ষ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী প্রেসক্লাব পক্ষ থেকে সভাপতি তৌহিদ উদ দৌলা রেজাসহ সকল সদস্যরা ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে একে বিভিন্ন অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনকসহ নানা শ্রেণী পেশার মানুষ ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করা, মাঠে কুচকাওয়াজ ও শরীরচর্চা আয়োজন করা হয়। বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধ, যুদ্ধ আহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় বিজয় দিবসের তাৎপর্যপুর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও দিনব্যাপী নানা কর্মসূচী পালন করা হয়।

নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালন

করা হয়েছে মুজিবনগর মুক্ত দিবস

৬ ডিসেম্বর মুজিবনগর মুক্ত দিবস। মুক্তিবাহীনির প্রবল প্রতিরোধের মুখে টিকতে না পেরে ১৯৭১ সালের এ দিন মুজিবনগর মেহেরপুর জেলা ছেড়ে পালিয়ে যায় পাক হানাদার বাহিনী। এদিন মুক্ত হয় মুজিবনগর মেহেরপুর।

স্বাধীনতার পর থেকে র্যালি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী নিবেদন এবং আলোচনা সভার মধ্যদিয়ে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করে আসছে মুজিবনগরের বীর মুক্তিযোদ্ধাগণ, দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলার কেদারগঞ্জ বাজারে অবস্থিত মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে, উপজেলা বীর মুক্তিযোদ্ধাদের আয়োজনে র্যালী বের করা হয় র্যালীটি কেদারগঞ্জ বাজারের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষণ শেষে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে এসে শেষ হয়।

সেখানে অবস্থিত জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হয় এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর দিবস পালনে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস,মুজিবনগর থানা অ্ফিসার ইনচার্য মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খাঁন, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড মুজিবনগর উপজেলা শাখার সভাপতি শুকুর আলী সহ উপজেলার সকল বীর মুক্তিযোদ্ধাগন।